দামুড়হুদায় অবৈধভাবে মাটি কাটার অপরাধে ভ্রাম্যমান আদালতে জরিমানা

দামুড়হুদা চিৎলায় ফসলী জমির পাশ থেকে অবৈধভাবে মাটি কাটার অপরাধে ভ্রাম্যমান আদালতে ১৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে। শনিবার বিকাল সাড়ে ৪টার দিকে এই জরিমানা করা হয়।

উপজেলা ভূমি অফিস সূত্রে জানা গেছে দামুড়হুদা উপজেলার সদর ইউনিয়নের চিৎলা বুন্দাগাড়ীর মাঠে ফসলী জমির পাশ থেকে অবৈধভাবে মাটি উত্তোলনের সময় ভেকু মেশিন সহ একজনকে হাতেনাতে আটক করা হয়। সরকারিভাবে মাটি উত্তোলনের কোন অনুমতি না থাকায় এসময় ভ্রাম্যমাণ আদালতে কার্পাসডাঙ্গার আব্দুল হান্নানের ছেলে হাবিবুর রহমানকে ১৫ হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন উপজেলার সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস। তিনি বলেন জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে। এসময় আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি চৌকস টিম।

দামুড়হুদায় “ওরা বন্ধু সংঘ’র পক্ষ থেকে শীতবস্ত্র ও মাস্ক বিতরণ

দামুড়হুদায় “ওরা বন্ধু সংঘ’র পক্ষ থেকে শীতবস্ত্র (কম্বল) ও মাক্স বিতরণ করা হয়েছে। শীতার্ত অসহায় মানুষের সামান্য উষ্ণতা দিতে সামাজিক দায়বদ্ধতার বিষয়টি মাথায় রেখে বিগত বছরগুলোর ন্যায় সেচ্ছাসেবী এ সংগঠনটি’র আয়োজনে এবারও শীতবস্ত্র (কম্বল) ও মাস্ক বিতরণ করা হয়।

শনিবার বিকালে দামুড়হুদা দশমী সরকারি প্রাইমারি স্কুলে কম্বল ও

মাস্ক বিতরণ করা হয়। “ওরা বন্ধু সংঘ’র সভাপতি সাংবাদিক তানজীর ফয়সালের সভাপতিত্বে কম্বল ও মাস্ক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলার শ্রমিকলীগের সভাপতি হাজী আব্দুল কাদির।

প্রধান অতিথির বক্তব্যে বলেন, মানবিক সমাজ প্রতিষ্ঠায় “ওরা বন্ধু সংঘ” প্রতিষ্ঠানটি প্রায় ২যুগ যাবত বিভিন্ন সামাজিক কার্যক্রম চালিয়ে আমাদের সমাজের আশপাশের নিন্মবিত্ত, মধ্যবিত্ত মানুষের মনে আশার প্রদীপ জ্বালিয়ে যাওয়ার মতো কাজ করে আসছে। এ ধরনের আয়োজন করার জন্য প্রতিষ্ঠানটির জন্য সর্বদাই আমার সহযোগিতা থাকবে ইনশাআল্লাহ। আশা করি আমাদের দামুড়হুদাতে প্রতিষ্ঠানটির কার্যক্রম আরো সম্প্রসারিত হবে বলে আমি বিশ্বাস করি।

সংগঠনটির উপদেষ্টা মন্ডলীর সদস্য শিক্ষক হাফিজুর রহমান কাজলের সঞ্চালনায় অনুষ্ঠানে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন,জাগ্রত জনতা (সেবামূলক প্রতিষ্ঠান এর প্রতিষ্ঠাতা) প্রাণী চিকিৎসক মোঃজাহাঙ্গীর আলম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী প্রকৌশলী মোঃ ইমরান হোসেন, দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও বাসস্ট্যান্ড বাজার বনিক সমিতির সভাপতি মাকসুদুর রহমান রতন, দামুড়হুদা প্রেসক্লাবের সাবেক সেক্রেটারি শামসুজ্জোহা পলাশ।

এসময় আরও উপস্থিত ছিলেন “ওরা বন্ধু সংঘ’র সহ-সভাপতি আসলাম মিয়া, সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক সাংবাদিক মিরাজুল ইসলাম মিরাজ সহ ক্লাবের সদস্যবৃন্দ।

চুয়াডাঙ্গায় দুই প্রতিষ্ঠানকে ১২ হাজার টাকা জরিমানা

চুয়াডাঙ্গায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে দুই প্রতিষ্ঠানকে ১২ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

বৃহস্পতিবার বেলা সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ এর নেতৃত্ব এই ভেজাল বিরোধী অভিযান পরিচালনা করা হয়।

চুয়াডাঙ্গা সদর উপজেলার কোর্টপাড়া ও বাগানপাড়া এলাকায় অভিযান পরিচালিত হয়। পরিচালিত অভিযানে বেশ কয়েকটি পানির কারখানাগুলোতে তদারকি কার্যক্রম পরিচালিত হয়।

অভিযানে কোর্টপাড়া মেসার্স একুয়া ফ্রেশ ড্রিংক ওয়াটার নামক পানির কারখানায় পানির টেস্ট রিপোর্ট ও লাইসেন্স ব্যতীত অবৈধ ও অস্বাস্থ্যকরভাবে পানি বোতলজাত ও বাজারজাত করার অপরাধে এর মালিক মোঃ সাঈদ আশীককে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৪৩ ধারায় ১০ হাজার টাকা জরিমানা করা হয় এবং ৭ দিনের জন্য কারখানা বন্ধ করে দেয়া হয়। পরবর্তীতে একই এলাকায় মেসার্স ইসরা ড্রিংকিং ওয়াটার নামক পানির কারখানায় তদারকি করা হয়। এসময় পানির জারে মেয়াদ, মুল্য অর্থাৎ মোড়কীকরণ বিধি অমান্য করার অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মোঃ মনিরুল ইসলামকে ৩৭ ধারায় ২ হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়া বাগানপাড়ায় মেসার্স লাইফ ওয়াটার নামক পানির কারখানাকে জনস্বাস্থ্য থেকে পানির টেস্ট রিপোর্ট না পাওয়া পর্যন্ত কারখানা বন্ধের নির্দেশ দেয়া হয়।

এ সময় চুয়াডাঙ্গা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে জরিমানা আদায়ের সময় আরো বেশকিছু প্রতিষ্ঠান তদারকি করে এ ব্যাপারে সতর্ক করা হয়।অভিযানে সার্বিক সহযোগিতা করেন চুয়াডাঙ্গা পুলিশ লাইনের একটি টিম।জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছেন চুয়াডাঙ্গা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ

দামুড়হুদা জুড়ানপুর বিট পুলিশিং উঠান বৈঠক অনুষ্ঠিত

“বিট পুলিশিং বাড়ি বাড়ি, নিরাপদ সমাজ গড়ি” তথ্য দিন সেবা নিন, এই স্লোগানকে সামনে রেখে দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়নের

বিষ্ণুপুর গ্রামে বিট পুলিশিং উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বেলা সাড়ে ১১টার দিকে দামুড়হুদা মডেল থানার আয়োজনে বিষ্ণুপুর দক্ষিণপাড়া সাবেক ইউপি সদস্য দেলোয়ারা খাতুন এর বসতবাড়ির উঠানে এই উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

জুড়ানপুর বিট পুলিশিং ইনচার্জ এসআই মারজান এর সভাপতিত্বে উক্ত উঠান বৈঠক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জুড়ানপুর ইউনিয়ন পরিষদের ১নং প্যানেল চেয়ারম্যান ও ০২ নং ওয়ার্ড ইউপি সদস্য আল মাহমুদ আসলাম।

এসময় আরও উপস্থিত ছিলেন সাবেক ইউপি সদস্য দেলোয়ারা খাতুন, নুরুল ইসলাম প্রমুখ। এ সময় গ্রামের প্রায় শতাধিক মহিলাদের নিয়ে এই উঠান বৈঠকে বাল্যবিবাহ, চুরি, ইভটিজিং, মাদক, মেয়ে ছেলের প্রেমঘটিত পলায়ন, সামাজিক শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠা, একে অপরের প্রতি স্মমান, স্নেহ প্রদর্শন বিষয়ে আলোচনা করা হয়।

এছাড়া জরুরী প্রয়োজনে ৯৯৯ নাম্বারে ফোন করা,বিট অফিসার ও থানা পুলিশকে যেকোনো সময়ে যেকোন সমস্যায় অবহিত করার জন্য বলা হয়।

দামুড়হুদায় বাংলাদেশ ৮৮’র পক্ষ থেকে শীতবস্ত্র বিতরণ

দামুড়হুদায় বাংলাদেশ ৮৮ চুয়াডাঙ্গা জেলা প্যানেলের পক্ষ থেকে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

শুক্রবার সকাল ১০ টার দিকে দামুড়হুদা বাজারস্থ গ্রিনচিলি রেস্টেুরেন্টের সামনে অসহায় দরিদ্রদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ ৮৮ চুয়াডাঙ্গা জেলা কো-অর্ডিনেটর

ইখতিয়ার উদ্দিন, জয়েন্ট কো-অর্ডিনেটর সহকারী অধ্যাপক শরীফুল আলম মিল্টন, শিক্ষক আব্দুল মোমিন, আক্তার হোসেন, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক সাংবাদিক বখতিয়ার হোসেন বকুল, এসএম আব্দুর রকিব, ইউসুফ আলী খান ইছা মেম্বার, সহকারী অধ্যাপক বিল্লাল হোসেন, শিক্ষিকা শামসুন্নাহার, আশেখ উদ-দৌলা লিটন, জাহিদুল ইসলাম, শাহীন কাদির, সাব্বির হোসেন, আব্দুল মোমিন, আতিয়ার রহমান খান, এমদাদুল হক।

সুইডেনে পবিত্র কুরআন অবমাননাকারীদের বিরুদ্ধে দামুড়হুদায় বিক্ষোভ

দামুড়হুদায় সর্বস্তরের মুসলিম তৌহিদী জনতার পক্ষ থেকে সুইডেনে পবিত্র কুরআন অবমাননার বিরুদ্ধে প্রতিবাদ ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার জুম্মার নামাজের পরে উপজেলা চৌরাস্তার মোড় থেকে প্রতিবাদ ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা সদরে জুম্মার নামাজের পরে সর্বস্তরের মুসলিম তৌহিদী জনতা একত্রে হয়ে পবিত্র কুরআন অবমাননার বিরুদ্ধে প্রতিবাদ ও বিক্ষোভ মিছিল করে। দামুড়হুদা চৌরাস্তার মোড় থেকে মিছিলটি শুরু হয়ে বাস স্ট্যান্ড প্রদক্ষিণ করে আবার চৌরাস্তা মোড়ে গিয়ে শেষ হয়। হাজার হাজার তৌহিদী জনতার উপস্থিতিতে প্রতিবাদ ও বিক্ষোভ মিছিল শেষে সমাবেশ অনুষ্ঠিত হয়।

এ সময় বক্তব্য রাখেন বাসস্ট্যান্ড জামে মসজিদের ঈমাম মাওলানা মুফতি এখলাছুর রহমান, দামুড়হুদা বাজার পাড়া জামে মসজিদের ইমাম হাফেজ মাওলানা মুফতি সামিউল্লাহ, দামুড়হুদা রাবেয়া তাপসী এতিমখানা মাহতামিম মাওলানা আব্দুস সাত্তার। সমাবেশ শেষে দোয়া অনুষ্ঠান পরিচালনা করেন উপজেলা জামে মসজিদের ঈমাম হাফেজ মাওলানা আশরাফুল আলম।

দামুড়হুদায় সিক্স সাইড ফুটবল টুর্নামেন্টের ফাইনাল ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

দামুড়হুদায় সিক্স সাইড ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বেলা সাড়ে ৩টার দিকে পুড়াপাড়া যুব সমাজের আয়োজনে উপজেলা সদরে পুড়াপাড়া রাজা ইটভাটা সংলগ্ন সামছুল উলুম শান্তিবাগ ইসলামিয়া মাদ্রাসা ও এতিমখানার মাঠে এই ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের ইউপি সদস্য ও কেশবপুর উজ্জ্বল ক্লাবের সভাপতি শামসুল ইসলাম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী। এ সময় আরো উপস্থিত ছিলেন আওয়ামী লীগ নেতা আব্দুল আলিম, জাহাঙ্গীর আলমসহ গ্রামের স্থানীয় ব্যক্তিবর্গ।

খেলায় যে দুটি দল অংশগ্রহণ করেন তারা হলেন, পুড়াপাড়া জুনিয়র একাদশ ও কেশবপুর একাদশ। ৫০ মিনিটের এই খেলায় কোন দলই গোল করতে না পারায় পুনরায় পাঁচ মিনিট এক্সট্রা টাইম দেওয়া হয়। তাতেও কোন দল গোল করতে না পারলে খেলা ট্রাইবেকারে গড়াই। কেশবপুর একাদশ ট্রাইবেকারে ২টি গোল দেয় এবং পুড়াপাড়া জুনিয়র একাদশ ৩টি গোল দিয়ে জয়ের লক্ষ্যে পৌঁছে যায়। খেলায় চ্যাম্পিয়ন হয় পুড়াপাড়া জুনিয়র একাদশ এবং রানার্স আপ হয় কেশবপুর একাদশ।

উক্ত সিক্স সাইড ফুটবল টুর্নামেন্টে ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত হয় পুড়াপাড়া জুনিয়র একাদশের তৌফিক রহমান। চ্যাম্পিয়ন দলকে ট্রফি এবং নগদ ২ হাজার টাকা পুরস্কার প্রদান করা হয়। অপরদিকে রানার্স আপ দলকে টফি এবং ১ হাজার ৫০০ টাকা নগদ প্রদান করা হয়। খেলায় রেফারির দায়িত্ব পালন করেন আতিকুল ইসলাম রনি। সহকারী রেফারি দায়িত্ব পালন করেন মনিরুল ইসলাম ও মাসুদ রানা।

দামুড়হুদা কার্পাসডাঙ্গায় ১৮ বোতল ফেন্সিডিল সহ আটক ১

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ১৮ বোতল ফেন্সিডিল সহ মমতাজ খাতুন নামে এক জনকে আটক করেছে পুলিশ।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ এর দিকনির্দেশনায় শুক্রবার রাত ৮টার দিকে কার্পাসডাঙ্গা বাজার পাড়া গ্রামস্থ আসামির নিজ বসত বাড়ির উঠান থেকে ভারতীয় নিষিদ্ধ ফেন্সিডিল সহ আটক করা হয়।

কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের ইনচার্জ এস আই ইমরান হোসেন এর নেতৃত্বে এএসআই মসলেম উদ্দিন সহ গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় পুলিশ ফোর্স নিয়ে কার্পাসডাঙ্গা বাজার পাড়া এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন অভিযান পরিচালনা করে ১৮ বোতল ফেনসিডিল সহ এক জনকে গ্রেফতার করেন।

গ্রেফতারকৃত হলেন দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কার্পাসডাঙ্গা বাজার পাড়ার মোতালেব হোসেনের স্ত্রী মমতাজ খাতুন (৪৫)কে আটক করে পুলিশ। আটককৃত আসামির কাছ থেকে ১৮ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। পরে আসামির দামুড়হুদা মডেল থানায় সোপর্দ করে। এবিষয়ে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা রুজু হয়েছে।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, ফেন্সডিল সহ এক জন আটক হয়েছে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে, আগামীকাল আসামিকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হবে।

দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটির পক্ষ থেকে নবাগত নির্বাহী অফিসারকে শুভেচছা

দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটির পক্ষ থেকে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা কে ফুলেল শুভেচছা দেয়া হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকাল আনুমানিক সাড়ে ১০টার দিকে।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সদ্যযোগদানকৃত উপজেলা নির্বাহী অফিসার কে ফুলেল শুভেচছা দেয় বাসস্ট্যান্ড বাজার কমিটির নেতৃবৃন্দরা।

এসময় নবাগত (ইউএনও) রোকসানা মিতার সাথে সংক্ষিপ্ত আলোচনা সভায় উপস্থিত ছিলেন দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটির সভাপতি মাকসুদুর রহমান রতন, সহসভাপতি মুনতাজ আলী, সাধারণ সম্পাদক সাদেক আলী বিশ্বাস পাখি, সহ সম্পাদক মনিরুল ইসলাম মনি, কোষাধ্যক্ষ সাব্বির আহম্মেদ সবুজ, সাংগঠনিক সম্পাদক আঃখালেক, ক্রীড়া সম্পাদক আঃহাই জনি, প্রচার সম্পাদক সহিদুল ইসলাম বগা, দফতর সম্পাদক আজের আলী, নির্বাহী সদস্য আতিয়ার রহমান মিলন, সাইফুল ইসলাম, হাফিজুর রহমান সিকদার, ইয়ানবী, নাজমুল হোসেন, হাফিজুর রহমান প্রমূখ।

জীবননগরে মুক্তিযোদ্ধাদের মাঝে কম্বল বিতরণ

চুয়াডাঙ্গা জেলা পুলিশের উদ্যোগে জীবননগর উপজেলা বীর মুক্তিযোদ্ধাদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১টার সময় জীবননগর উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে ভবনে উপজেলার ৭০জন মুক্তিযুদ্ধাদের মাঝে কম্বল বিতরণ করা হয়।

জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকুনুজ্জামানের সভাপতিত্বে কম্বল বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক আবু মো. আব্দুল লতিফ অমল, সাবেক উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম মর্তুজা, জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল খালেক, বীর মুক্তিযোদ্ধা দলিল উদ্দিন দলু প্রমূখ।

এছাড়াও উপজেলার বীর মুক্তিযোদ্ধা ও সাংবাদিক গন উপস্থিত ছিলেন।